কম্যুনিটি এডুকেশন কাউন্সিল
প্রার্থীর আবেদনপত্র
১ জুলাই, ২০১৫ - ৩০ জুন, ২০১৭ মেয়াদে

আবেদনকারীর তথ্য

আপনি যে কম্যুনিটি এডুকেশন কাউন্সিলের(গুলোর) জন্য আবেদন করছেন, তা উল্লেখ করুন:

☐ কম্যুনিটি এডুকেশন কাউন্সিল(কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট, যেমন "সিইসি 1" _____

আপনি কি সিটিওয়াইড কউন্সিলেও আবেদন করছেন? হ্যাঁ ☐ না ☐

আপনি কোন সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলের(গুলোর) জন্য আবেদন করছেন তা উল্লেখ করুন:

☐ সিটিওয়াইড কাউন্সিল ফর হাই স্কুলস (আপনার সন্তান বর্তমানে কোন বরোর হাই স্কুলে পড়ে উল্লেখ করুন)_

☐ সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারস্(বর্তমানে অথবা গত দুই বছরের মধ্যে দ্বিতীয় ভাষা হিশেবে ইংরেজিতে(ইএসএল) অথবা দ্বৈত ভাষার কর্মসূচিতে ভর্তি শিক্ষার্থীদের পিতামাতার জন্য)

☐ সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন(ডিওই প্রদত্ত অথবা ডিওই কর্তৃক অর্থায়িত কর্মসূচিতে ব্যক্তিক শিক্ষা কর্মসূচিযুক্ত(আইইপি) যেসকল শিক্ষার্থী বর্তমানে স্পেশাল এডুকেশন সার্ভিস লাভ করছে তাদের পিতামাতার জন্য)

☐ সিটিওয়াইড কাউন্সিল ফর ডিস্ট্রিক্ট ৭৫(ডিস্ট্রিক্ট ৭৫ কর্মসূচি অথবা স্কুলে ভর্তি শিক্ষার্থীদের পিতামাতাদের জন্য)

আপনি যদি সিটিওয়াইড কউন্সিলে আবেদন করেন, আপনাকে অবশ্যই সিটিওয়াইড কাউন্সিলের জন্য পৃথক আবেদনপত্র পূরণ করতে হবে।

কাউন্সিল অগ্রাধিকার:

আপনি যদি একাধিক কাউন্সিলে আবেদন করেন, আপনাকে অবশ্যই অগ্রাধিকারের ভিত্তিতে আবেদনকৃত কাউন্সিলগুলোকে সাজাতে হবে। সর্বাধিক অগ্রাধিকার প্রদত্ত কাউন্সিলের পাশে নম্বর "1" লিখুন, দ্বিতীয় অগ্রাধিকারের পাশে নম্বর "2" লিখুন, এভাবে অগ্রসর হোন। **আপনি যদি কোন সিটিওয়াইড কাউন্সিলে কাজ করতেও আগ্রহী হন,** আপনাকে অবশ্যই উভয় এই আবেদনপত্র এবং সিটিওয়াইড কাউন্সিলের জন্য পৃথক আবেদনপত্র পূরণ করতে হবে, এবং নিচে উল্লেখ থাকবে নম্বর অনুযায়ী কোন কাউন্সিলের অগ্রাধিকার কী। যদি আপনি একাধিক কাউন্সিলে নির্বাচিত হন, আপনাকে নির্বাচিত কাউন্সিলগুলোর মধ্যে থেকে সেই কাউন্সিলটিতে অ্যাসাইন করা হবে যেটিকে আপনি সর্বাধিক অগ্রাধিকার দিয়েছেন।

যোগাযোগের সম্পূর্ণ তথ্য:

প্রথম নাম	**শেষ নাম**	
স্ট্রিটের নাম ও নম্বর		**অ্যাপার্টমেন্ট নং**
সিটি/বরো	**স্টেট**	**জিপ**
বাড়ির ফোন	**মোবাইল/কর্মস্থলের ফোন**	
ইমেইল	**ফ্যাক্স**	

কম্যুনিটি এডুকেশন কাউন্সিল
প্রার্থীর আবেদনপত্র
১ জুলাই, ২০১৫ - ৩০ জুন, ২০১৭ মেয়াদে

শিক্ষার্থীর তথ্য যাচাই পূরণ করুন:

প্রার্থীদের আবদেনপত্রে উল্লেখ করতে হবে তাদের সন্তানেরা কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর অধীনস্থ কোন্‌কোন্‌ স্কুলে বর্তমানে লেখাপড়া করছে। একেকজন প্রার্থীকে এ ধরনের স্কুলের একেকজন প্রতিনিধি বলে বিবেচনা করা হবে। আবেদনকারীর সন্তান ভর্তি আছে এমন সকল স্কুলের নাম তালিকাভুক্ত করতে ব্যর্থ হলে চ্যান্সেলর, ইচ্ছা করলে, তাকে অযোগ্য বিবেচনা করতে পারেন।

	সন্তান নম্বর 1					সন্তান নম্বর 2					সন্তান নম্বর 3				
শিক্ষার্থীর প্রথম নাম															
শিক্ষার্থীর শেষ নাম															
শিক্ষার্থীর সাথে সম্পর্ক															
শিক্ষার্থীর গ্রেড															
স্কুলের নাম															
স্কুল ডিবিএন (যেমন 02X123)*															
শিক্ষার্থীর কর্মসূচি *(প্রযোজ্য সবকটি চিহ্নিত করুন)*															
	জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা)	স্পেশাল এডুকেশন সার্ভিসেস/আইইপি	ইএসএল/ডুয়্যাল ল্যাঙ্গুয়েজ	গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড	ডিস্ট্রিক্ট ৭৫ কর্মসূচি	জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা)	স্পেশাল এডুকেশন সার্ভিসেস/আইইপি	ইএসএল/ডুয়্যাল ল্যাঙ্গুয়েজ	গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড	ডিস্ট্রিক্ট ৭৫ কর্মসূচি	জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা)	স্পেশাল এডুকেশন সার্ভিসেস/আইইপি	ইএসএল/ডুয়্যাল ল্যাঙ্গুয়েজ	গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড	ডিস্ট্রিক্ট ৭৫ কর্মসূচি

*কীভাবে ডিবিএন (ডিস্ট্রিক্ট, বরো, এবং স্কুলের নম্বর) তথ্য খুঁজে নিতে হয় তা জানতে অনুগ্রহ করে আবেদনপত্রের নির্দেশনা (পৃষ্ঠা ৪) দেখুন।

যোগ্যতার শর্ত

নিচের প্রশ্নগুলো উত্তর দিন। আপনি যদি শর্তাধীনে নির্বাচিত হন, তাহলে আপনার যোগ্যতা নিশ্চিত হওয়ার জন্য বাড়তি প্রশ্ন করা হতে পারে। আবেদনপত্রের দ্রষ্টব্য অংশে যোগ্যতার শর্ত সংক্ষিপ্তভাবে দেওয়া আছে।

1. আপনি কি বর্তমানে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কর্মী? উত্তর হ্যাঁ হলে, অনুগ্রহ করে আপনার চাকরির টাইটেল ও স্থান নিচে উল্লেখ করুন।	**হ্যাঁ**	**না**
2. আপনি কি জাতীয়, স্টেট , বিচার বিভাগীয় বা অন্য কোন পার্টির কনভেনশনে, কিংবা কোন কাউন্টি কমিটিতে প্রতিনিধি বা বিকল্প প্রতিনিধি ছাড়া কোন নির্বাচিত জনপ্রতিনিধি কিংবা পার্টির পক্ষ থেকে নির্বাচিত বা মনোনীত পদাধিকারী ব্যক্তি? উত্তর হ্যাঁ হলে নিচে তার বিবরণ দিন।	**হ্যাঁ**	**না**
3a. আপনি কখনও অপরাধের জন্য অপরাধী সাব্যস্ত হয়েছেন কি? উত্তর হ্যাঁ হলে নিচে তার বিবরণ দিন।	**হ্যাঁ**	**না**
3b. আপনি কখনও ফেলোনির (গুরুতর অপরাধ) জন্য অপরাধী সাব্যস্ত হয়েছেন কি? উত্তর হ্যাঁ হলে নিচে তার বিবরণ দিন।	**হ্যাঁ**	**না**
4. আপনি কি কখনও পিএ/পিটিএ, স্কুল লিডারশিপ টিম, ডিস্ট্রিক্ট প্রেসিডেন্টস্ কাউন্সিল, বরো হাই স্কুল কাউন্সিল, টাইটেল ওয়ান কমিটি, কম্যুনিটি স্কুল বোর্ড, কম্যুনিটি ডিস্ট্রিক্ট এডুকেশন কাউন্সিল, সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস্, সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারস্, সিটিওয়াইড কাউন্সিল ফর স্পেশাল এডুকেশন, অথবা ডিস্ট্রিক্ট ৭৫-এর সিটিওয়াইড কাউন্সিল থেকে অপসারিত হয়েছেন? উত্তর হ্যাঁ হলে নিচে তার বিবরণ দিন।	**হ্যাঁ**	**না**

আবেদনকারীর জন পরিচিতি

অনুগ্রহ করে মনে রাখবেন আবেদনপত্রের বাকী অংশ থেকে পৃথক করে নিচে প্রদত্ত তথ্য সাধারণ মানুষের কাছে প্রকাশ করা হবে।

এখানে আপনি যে তথ্য প্রদান করছেন সেগুলি সাথে যেন "আবেদনকারীর তথ্য" অংশে প্রদত্ত তথ্যের মিল থাকে সেবিষয়টি অনুগ্রহ করে নিশ্চিত করুন। এখানে শুধু স্কুলগুলো তালিকাভুক্ত করুন; শিক্ষার্থীর(দের)নাম উল্লেখ করতে হবে না।

	আপনার সন্তান যে স্কুলে পড়ে তার নাম	স্কুল ডিবিএন নম্বর(ডিস্ট্রিক্ট, বরো, স্কুল নম্বর)(যেমন 02X123)	জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা)	স্পেশাল এডুকেশন সার্ভিসেস/আইইপি	ইএসএল/ডুয়্যাল ল্যাঙ্গুয়েজ	গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড	ডিস্ট্রিক্ট ৭৫ কর্মসূচি
সন্তান নম্বর 1							
সন্তান নম্বর 2							
সন্তান নম্বর 3							

আবেদনকারীর জীবনবৃত্তান্ত

আবেদনকারীর জীবনবৃত্তান্ত অনলাইনে এবং প্রার্থীর প্রচারপত্রে পাওয়া যাবে।

আপনি অংশগ্রহণ করেছেন এমন যেকোন স্কুল-সংক্রান্ত, কম্যুনিটি অথবা পৌর কর্মকাণ্ডের বিবরণ দিন। বিশেষ কোন শিক্ষার্থীগোষ্ঠী (যেমন, স্পেশাল এডুকেশন, ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স, ইত্যাদি) সম্পর্কে সুনির্দিষ্ট অভিজ্ঞতা থাকলে উল্লেখ করুন।

ব্যক্তিগত বিবৃতি

ব্যক্তিগত বিবৃতি অনলাইনে এবং প্রার্থীর প্রচারপত্রে পাওয়া যাবে।

আবেদনকারীগণকে একটি বিবৃতি অন্তর্ভুক্ত করতে জোরালোভাবে উৎসাহিত করা হচ্ছে। আপনি যদি এখন ব্যক্তিগত বিবৃতি অন্তর্ভুক্ত করার সিদ্ধান্তটি না নেন, আবেদনপত্র জমাদানের পর সেটি করার সুযোগ আপনি পাবেন না। অনুগ্রহ করে আপনার ব্যক্তিগত বিবৃতি এবং আবেদনকারীর জীবনবৃত্তান্তের ব্যকরণ এবং বানান শুদ্ধ করার বিষয়টি নিশ্চিত করুন। আপনার আবেদনপত্র জমাদানের পর ব্যক্তিগত বিবৃতি অথবা আবেদনকারীর জীবনবৃত্তান্তে কোন সম্পাদনা বা পরিবর্তনের অনুরোধ জানানোর সুযোগ থাকবে না।

আপনি কেন কম্যুনিটি এডুকেশন কাউন্সিলে কাজ করতে চান এবং কেন আপনি মনে করেন যে আপানি সফল হবেন ব্যাখ্যা করুন।

আবেদনকারীর নিয়োগদাতা

প্রত্যেক নিয়োগদাতার নাম উল্লেখ করুন(নিজের মালিকানাধীন ব্যবসাসহ),

- যেখান থেকে আপনি এই ফরম পূরণের আগের ১২ মাসে কাজের বিনিময়ে অথবা কোন পণ্য বিক্রি বা উত্পাদনের বিনিয়ে ১,০০০ ডলারের বেশি আয় করেছেন, এবং/অথবা
- আপনি কোন সংগঠনের বৈতনিক সদস্য, কর্মকর্তা, পরিচালক বা ট্রাস্টি

অংশটি প্রযোজ্য না হলে পরিষ্কারভাবে লিখুন "এন/এ" **এন/এ** ☐

নিয়োগদাতার নাম	টাইটেল/সম্পর্ক	নিয়োগদাতার সাথে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টসহ ডিওই-এর কি কোন লেনদেন আছে? *উত্তর: হ্যাঁ, না, কিংবা জানা নেই*	যদি প্রযোজ্য হয়, তাহলে নিয়োগদাতার কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টসহ ডিওইর সঙ্গে কর্মসম্পর্কের বিবরণ দিন
যেমন স্টেপলস্	*স্টোর ম্যানেজার*	*হ্যাঁ*	*ডিওই-র কাছে বিভিন্ন সামগ্রী বিক্রি করে*

আবেদনকারীর বিনিয়োগ

এই ফরম পূরণ করার সময় পর্যন্ত আপনার যেসব প্রতিষ্ঠানে কমপক্ষে ৫% বা ১০ হাজার ডলারের (যেটি কম) অধিক মালিকানা স্বত্ব আছে , সেগুলো উল্লেখ করুন। উন্মুক্ত বেচাকেনা হয় এমন কোম্পানির নাম উল্লেখ করবেন না, যদি না তারা সে কোম্পানির কোন পদে আসীন থাকেন (যেমন, কর্মকর্তা, পরিচালক, কর্মচারি)।

অংশটি প্রযোজ্য না হলে পরিষ্কারভাবে লিখুন "এন/এ" **এন/এ** ☐

প্রতিষ্ঠানের নাম	মালিকানার আনুপাতিক অংশ/লগ্নির পরিমাণ	যে পদে আসীন	কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টসহ প্রতিষ্ঠানের কি ডিওই-এর সাথে ব্যবসা আছে? *উত্তর: হ্যাঁ, না, কিংবা জানা নেই*
যেমন জোন্স সাপ্লাই কোম্পানি	*52%*	*প্রেসিডেন্ট*	*না*

আবেদনকারীর স্বামী/স্ত্রী বা রেজিস্ট্রিকৃত গার্হস্থসঙ্গী ও স্বাবলম্বী নয় এমন ছেলেমেয়েদের বিনিয়োগ

এই ফরম পূরণ করার তারিখ পর্যন্ত আপনার স্বামী/স্ত্রী বা রেজিস্ট্রিকৃত গার্হস্থসঙ্গী ও স্বাবলম্বী নয় এমন ছেলেমেয়েদের কমপক্ষে ৫% বা ১০ হাজার ডলারের (যেটি কম) অধিক মালিকানা স্বত্ব আছে যেসব প্রতিষ্ঠানে, সেগুলো উল্লেখ করুন। উন্মুক্ত বেচাকেনা হয় এমন কোম্পানির নাম উল্লেখ করবেন না, যদি না তারা সে কোম্পানির কোন পদে আসীন থাকেন (যেমন, কর্মকর্তা, পরিচালক, কর্মচারি)।

অংশটি প্রযোজ্য না হলে পরিষ্কারভাবে লিখুন "এন/এ" **এন/এ** ☐

স্বামী-স্ত্রী, নিবন্ধিত গার্হস্থ্য সঙ্গী, অথবা ছেলেমেয়ের নাম ও সম্পর্ক	প্রতিষ্ঠানের নাম	মালিকানার আনুপাতিক অংশ/লগ্নির পরিমাণ	যে পদে আসীন	সত্তাটির সঙ্গে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টসহ ডিওই-এর কি কোন লেনদেন আছে কি? *উত্তর: হ্যাঁ, না, কিংবা জানা নেই*
যেমন জেমস স্মিথ/স্বামী	*জোন্স সাপ্লাই কোম্পানি*	*52%*	*প্রেসিডেন্ট*	*না*

ভলান্টিয়ার হিসেবে আবেদনকারীর অবস্থান

আপনি স্বেচ্ছাসেবী (অবৈতনিক) হিশেবে কোন প্রতিষ্ঠানে কর্মকর্তা, পরিচালক বা ট্রাস্টি ইত্যাদি কোন দায়িত্বে কাজ করে থাকলে তার প্রত্যেকটির নাম উল্লেখ করুন। আপনি যেসব প্রতিষ্ঠানে শুধু সদস্য ছিলেন সেগুলোর নাম উল্লেখ করবেন না।

অংশটি প্রযোজ্য না হলে পরিষ্কারভাবে লিখুন "এন/এ" **এন/এ** ☐

সংগঠনের নাম	সংগঠনের প্রকৃতি	টাইটেল/সম্পর্ক	কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টসহ সংগঠনের কি ডিওই-এর সাথে কোন লেনদেন আছে? *উত্তর: হ্যাঁ, না, কিংবা জানা নেই*
যেমন ট্রি টপ ইনক	*কোঅপারেটিভ নার্সারি স্কুল*	*প্রেসিডেন্ট*	*না*

আবেদনের নিয়মাবলি

কোন অংশ খালি রাখবেন না। এই আবেনদপত্রের কোন অংশ আপনার জন্য প্রযোজ্য না হলে অনুগ্রহ করে সেখানে "এন/এ" (প্রযোজ্য নয়) লিখবেন।

আপনার সন্তানের স্কুলের ডিবিএন বের করার উপায়:
প্রতিটি স্কুলের অনন্য একটি ডিবিএন(ডিস্ট্রক্ট, বরো এবং স্কুল নম্বর)রয়েছে। ডিবিএন খুঁজে নিতে, schools.nyc.gov/schoolsearch ওয়েবসাইটে যান এবং সার্চ বক্সে স্কুলের নাম টাইপ করুন। সঠিক স্কুলটি খুঁজে নেয়া হলে, স্কুলের নামের পর বরো এবং স্কুল নম্বরের উল্লেখ থাকবে (সংকেত: M =ম্যানহ্যাটন; X = ব্রংক্স; K = ব্রুকলিন; Q = কুইন্স; R = স্ট্যাটেন আইল্যান্ড); ডিবিএন নম্বর সম্পূর্ণ করতে শেষের লাইনে তালিকাভুক্ত ডিস্ট্রিক্ট নম্বর যোগ করতে হবে।

যোগ্যতার শর্তাবলির সংক্ষিপ্তসার:
কম্যুনিটি এবং সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল সদস্যের যোগ্যতার শর্ত চ্যান্সেলরের প্রবিধান D-140, D-150, D-160, এবং D-170-এ নথিভুক্ত আছে। অনলাইনে পূর্ণাঙ্গ প্রবিধান পাওয়া যাবে নিচের ওয়েবসাইটে:
http://schools.nyc.gov/RulesPolicies/ChancellorsRegulations
আবেদনের সময় যোগ্যতা নির্ধারিত হয়।

কে আবেদনের যোগ্য:

- সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুল(সিসিএইচএস)-এর জন্য – বর্তমান হাই স্কুল শিক্ষার্থীদের পিতামাতাগণ
- সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারস্(সিসিইএলএল) – বর্তমানে অথবা গত দুই বছরের মধ্যে দ্বিভাষী অথবা ইএসএল কর্মসূচির("ইএলএল শিক্ষার্থীগণ")শিক্ষার্থীদের পিতামাতা।
- সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন (সিসিএসই) - যেসব আইইপিযুক্ত শিক্ষার্থী বর্তমানে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের (ডিওই) পরিচালিত এবং/অথবা অর্থে বিশেষ শিক্ষা পরিষেবা লাভ করছে তাদের পিতামাতারা যোগ্য।
- সিটিওয়াইড কাউন্সিল ফর ডিস্ট্রিক্ট ৭৫-এর জন্য – বর্তমানে সিটিওয়াইড স্পেশাল এডুকেশন সার্ভিস(ডি৭৫)লাভ করছে এমন শিক্ষার্থীদের পিতামাতা।
- কম্যুনিটি এডুকেশন কাউন্সিলের(সিইসিসমূহ)জন্য। পিতামাতারা যে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর সিইসি-তে কাজ করতে আগ্রহী, সে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর অধীনস্থ কোন স্কুলে পড়ুয়া কিন্ডারগার্টেন থেকে অষ্টম গ্রেডের শিক্ষার্থীর পিতামাতা নিজেকে মনোনীত করার অধিকার সংরক্ষণ করেন। আবেদনের সময় কোন যোগ্যতাসম্পন্ন পিতামাতা, যদি যথাযথভাবে নির্বাচিত হন, তাহলে তাকে, এমন কী তাদের সন্তান অষ্টম গ্রেড থেকে উত্তীর্ণ হয়ে গেলেও এবং/অথবা পিতামাতার মেয়াদ থাকাকালে সংশ্লিষ্ট কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর অধীনস্থ কোন স্কুলে যাওয়া বন্ধ করে দিলেও, পূর্ণ দুই বছর মেয়াদের জন্য সিইসি-তে কাজ করার অনুমতি দেয়া হবে।

চ্যান্সেলরের প্রবিধানের সাথে মিল রেখে পিতামাতা, অভিভাবক, কিংবা পিতামাতা সম্পর্কে আবদ্ধ ব্যক্তিকে পিতামাতা হিসেবে সংজ্ঞায়িত করা হবে। ছেলেমেয়ের সাথে পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তি তিনি, যিনি পিতামাতা বা আইনগত অভিভাবকের স্থলে নিয়মিতভাবে সন্তানের সেবা ও তত্ত্বাবধানের জন্য সরাসরি দায়বদ্ধ থাকেন।

কে কাজ করার যোগ্য নয়:

- নির্বাচিত জনপ্রতিনিধি কিংবা পার্টির পক্ষ থেকে নির্বাচিত বা মনোনীত পদাধিকারী ব্যক্তি (জাতীয়, স্টেট , বিচার বিভাগীয় বা অন্য কোন পার্টির কনভেনশনে, কিংবা কোন কাউন্টি কমিটিতে প্রতিনিধি বা বিকল্প প্রতিনিধি ছাড়া)।
- ডিপার্টমেন্ট অব এডুকেশনে (ডিওই) বর্তমান কর্মচারী;
- কোন দণ্ডযোগ্য অপরাধে শাস্তিপ্রাপ্ত ব্যক্তি, যাকে কোন সিটিওয়াইড কাউন্সিল বা কম্যুনিটি এডুকেশন কাউন্সিল (সিইসি)থেকে এসব সিটিওয়াইড কাউন্সিল বা সিইসি-এর সাথে প্রত্যক্ষভাবে সম্পর্কিত অপকর্মের জন্য অপসরাণ করা হয়েছে, কিংবা সিটিওয়াইড কাউন্সিল বা সিইসি-এর সাথে সংশ্লিষ্ট কোন অপরাধের জন্য দণ্ডিত হয়েছেন।
- প্যানেল ফর এডুকেশন পলিসি-এর সদস্যগণ;

- যেসকল ব্যক্তি পিএ/পিটিএ, স্কুল লিডারশিপ টিম, ডিস্ট্রিক্ট প্রেসিডেন্টস্ কাউন্সিল, বরো হাই স্কুল কাউন্সিল, টাইটেল ওয়ান কমিটি, অথবা কম্যুনিটি স্কুল বোর্ডের সাথে সম্পৃক্ত হয়ে পরিসেবা প্রদান কালে এই ধরনের অ্যাসোসিয়েশন, টিম, কাউন্সিল, কমিটি, অথবা বোর্ড থেকে অবৈধ কাজের জন্য অপসারিত হয়েছে অথবা এইসব অ্যাসোসিয়েশন, টিম, কাউন্সিল, কমিটি অথবা বোর্ডের সাথে সরাসরি কোন অপরাধে জড়িত তারা।
- ডিওই-এর এথিক্স অফিসার বা চ্যান্সেলরের মনোনীত ব্যক্তি যেসব ব্যক্তিদের সাথে স্বার্থের দ্বন্দ্ব আছে বলে নিশ্চিত করেছেন।

আর্থিক বিবৃতি সম্পর্কে জ্ঞাতব্য:
প্রদত্ত তথ্য ডিপার্টমেন্ট অভ এডুকেশন পর্যালোচনা করবে। আপনার (আবেদনকারী) সাথে এনওয়াইসি স্বার্থের দ্বন্দ্ব সংক্রান্ত আইনে কোন স্বার্থের দ্বন্দ্ব আছে কি-না, সেটা নিশ্চিত হওয়ার জন্য অনুরোধকৃত তথ্য সংগ্রহ করা আবশ্যক। শর্তসাপেক্ষে মনোনীত করা হলে আরও তথ্য উপস্থাপন করার জন্য আপনাকে বলা হতে পারে।

ঐচ্ছিক তথ্য

আপনি এডুকেশন কাউন্সিল উদ্যোগের কথা জানলেন কীভাবে?

- ☐ সন্তানের নাম
- ☐ প্যারেন্ট কোঅর্ডিনেটর
- ☐ এনওয়াইসি ডিওই ওয়েবসাইট
- ☐ কম্যুনিটিবেজড অর্গ্যানাইজেশন (অনুগ্রহ করে বর্ণনা দিন) _____
- ☐ অন্য(অনুগ্রহ করে বিবরণ দিন)_____

প্রত্যয়ন

আমি, _____প্রত্যয়ন করছি যে আমার জানামতে প্রদত্ত সব তথ্য সঠিক।
(স্পষ্ট হরফে লিখুন)

নিউ ইয়র্ক স্টেট দণ্ড বিধির সেকশন 175.30 অনুযায়ী "একজন ব্যক্তি সজ্ঞানে মিথ্যা বিবৃতি অথবা তথ্য সংবলিত মিথ্যা হলফনামা কোন সরকারি দফতর বা সরকারি কর্মকর্তার কাছে দেয়ার জন্য দ্বিতীয় ডিগ্রি অপরাধী যখন উক্ত ব্যক্তি জানেন যে হলফনামাটি উক্ত সরকারি দফতর বা সরকারি কর্মকর্তা বরাবর নথিভুক্ত, নিবন্ধিত করা হবে অথবা তার রেকর্ডের অংশ হয়ে যাবে।"

আমি বুঝেছি যে আমার আবেদনের সাথে সংশ্লিষ্ট কারণে মিথ্যা তথ্য দেয়ার আমার ফৌজদারি জরিমানা হতে পারে এবং/অথবা এডুকেশন কাউন্সিল থেকে আমাকে অযোগ্য ঘোষণা অথবা অপসারণ করা হতে পারে।

এই পৃষ্ঠায় স্বাক্ষরদানের মাধ্যমে আমি প্রতিপাদন করছি যে আমি সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলে কাজ করার আবশ্যিক যোগ্যতার শর্তাবলি পাঠ করেছি এবং বুঝেছি।

আমার আবেদন সম্পর্কিত কোন প্রশ্ন থাকলে আমাকে নিচের ফোন নম্বরে যোগাযাগ করা যাবে:

_____
(ফোন নম্বর)

আবেদনকারীর স্বাক্ষর	তারিখ